তারিখ 16 DEC 2002
পৃষ্ঠা ১ ২ কলাম ৩

ভোরের কাগজ

ভোরের কাগজ

# শিক্ষকদের কর্মবিরতি, ক্লাস হয়নি শাহজালাল বিশ্ববিদ্যালয় অচল

**শা.বি প্রতিনিধি :** শিক্ষকদের কর্মবিরতির ফলে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অচল হয়ে পড়েছে। বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে শিক্ষক সমিতির ক্লাস বর্জন কর্মসূচির ঘোষণায় গতকাল রোববার খোলার দিন কোনো বিভাগেই ক্লাস হয়নি। এ ব্যাপারে ছাত্রছাত্রীদের উপস্থিতি ছিল খুবই কম।

শিক্ষকদের প্রমোশন/আপগ্রেডেশন, স্থানীয়করণ ও নতুন শিক্ষক নিয়োগের দাবিতে শাহজালাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আগামীকাল ১৭ ডিসেম্বর থেকে কর্মবিরতির ঘোষণা দিয়েছে। এমতাবস্থায় ঈদের ছুটির পর গতকাল রোববার বিশ্ববিদ্যালয় খুললেও কার্যত তা ছিল অচল। পূর্বেই শিক্ষকদের কর্মবিরতির ঘোষণা আসায় খোলার দিন ক্যাম্পাসে ছাত্রছাত্রীদের উপস্থিতি ছিল হাতেগোনা। ছুটি শেষে শিক্ষার্থীদের অধিকাংশ বাড়ি থেকে ফেরেনি। মহিলা হল ও শাহপরান হলে আবাসিক ছাত্রদের উপস্থিতিও কম।

শিক্ষক সমিতি সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষকদের দাবি মেনে না নেওয়ায় কর্মবিরতি কর্মসূচি অব্যাহত থাকবে। এ নিয়ে শিক্ষক সমিতির নেতৃবৃন্দ উপাচার্য প্রফেসর মোঃ শফিকুল রহমান ও উপ-উপচার্য ড. মৌসলেহউদ্দিন তারেক এক সঙ্গে গতকাল দেখা করলেও কোনো ফলপ্রসূ আলোচনা হয়নি বলে জানা যায়। এ ব্যাপারে শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ ইউনুছ জানান, শিক্ষকদের এরকম দাবি-দাওয়া খুবই যৌক্তিক, গত দেড় বছর যাবৎ এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ, প্রমোশন, আপগ্রেডশন, স্থায়ীকরণ সম্পূর্ণরূপে বন্ধ আছে। বর্তমান প্রশাসন আন্তরিক হলে শিক্ষকদের অনেক উপকার হতো।

উল্লেখ্য, ইতিপূর্বে শিক্ষক সমিতি এক জরুরি সভায় গত ১১ নভেম্বর কর্তৃপক্ষকে এক মাসের আলটিমেটাম দিয়ে উপরোক্ত দাবিসমূহ মেনে নেওয়ার অনুরোধ জানালেও শিক্ষকদের এ দাবিসমূহ কর্তৃপক্ষের কাছে উপেক্ষিত হয়ে আসছে।